

মাটি

- আবছার আমিন জাহান

এ মাটিতে জন্ম আমার এ মাটিতে দেহ ,
এ মাটিতেই বিলিন হবে দেখবে না আর কেহ।
এ মাটিতে ফুর্তি আছে, আছে বেজায় সুখ ,
এ মাটিতেই কষ্ট আছে, আছে অনেক দুখ।
এ মাটিতে যত্ন-আদর আছে মেলা মেলা ,
এ মাটিতেই তাচ্ছিল্য আর আছে অবহেলা।
এ মাটিতে বেশ দাপটে অত্যাচারীর দল ,
এ মাটিতেই নিভে যাবে বাহু-শক্তি বল।
এ মাটিতে লোভ লালসার জীবন ওদের মাটি ,
এ মাটিতে নিষ্কলুষ যে তাদের যাপন খাঁটি।